# পরিচর্যা ও সুযোগের জন্য একটি পরিকল্পনা




## অন্টারিওর প্রবীণদের দেখা না করা

2040 সালের মধ্যে আমাদের প্রদেশে প্রবীণদের সংখ্যা 2.4 মিলিয়ন থেকে 4.5 মিলিয়নে উন্নীত হবে বলে আশা কর হচ্ছে। প্রবীণদের অনন্য চাহিদা রয়েছে এবং, তাদের পরিবারবৃন্দের সাথে অনেকেই স্বাস্থ্যসেবা ও কল্যাণ সংক্রান্ত বাড়তি খরচ নিয়ে সমস্যায় পড়তে পারেন।

প্রবীণদেরকে সুস্থ, আত্মনির্ভরশীল ও সক্রিয় জীবন যাপনে সাহায্য করার জন্য, অন্টারিও বাড়িতে ও কমিউনিটিতে পরিচর্যায় অ্যাক্সেস বৃদ্ধি করছে, প্রবীণদেরকে আত্মনির্ভরশীলভাবে বসবাস করতে সাহায্য করছে, 65 বছর ও তারচেয়ে বেশি বয়সী সবার জন্য প্রেসক্রিপশনের ওষুধ OHIP+ এর মাধ্যমে বিনামূল্যে প্রদান করছে, এবং হাসপাতাল পরিষেবা ও দীর্ঘমেয়াদি সেবার জন্য সহায়তার ক্ষেত্রে বিনিয়োগ করছে।




### 65+ বয়সে বিনামূল্যে প্রেসক্রিপশনের ওষুধ

OHIP+ এর মাধ্যমে 65 বছর ও তারচেয়ে বেশি বয়সী সবার জন্য প্রেসক্রিপশনের ওষুধ সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হবে, যা প্রত্যেক প্রবীণ নাগরিকের প্রয়োজনীয় ওষুধ পাওয়ার বিষয়টি নিশ্চিত করবে। 'অন্টারিও ড্রাগ বেনেফিট'-এর বার্ষিক ডিডাক্টিবল ও কো-পে বাতিল করার মাধ্যমে, অন্টারিওর একজন প্রবীণ নাগরিকের বছরে গড়ে $240 ডলার সাশ্রয় হবে।




### আরো উন্নত দীর্ঘমেয়াদি পরিচর্যা

যারা আর আত্মনির্ভরশীলভাবে বসবাস করতে পারছেন না তাদেরকে সাহায্য করার জন্য – এবং যারা তাদের পরিচর্যা করছেন তাদেরকে মানসিক শান্তি প্রদানের জন্য আগামী 10 বছরের মধ্যে 30,000 নতুন দীর্ঘমেয়াদি পরিচর্যার বেড তৈরি করা হচ্ছে।



### প্রবীণদের জন্য স্বাস্থ্যসম্মত বাড়ির কর্মসূচি

এই নতুন কর্মসূচি বয়স্ক প্রবীণ ব্যক্তিদের বাড়িতে বসবাস করার সাথে (যেখানে তারা থাকতে চান) সংশ্লিষ্ট খরচ চিহ্নিত করে থাকে। 75 বছর বা তারচেয়ে বেশি বয়সী ব্যক্তিদের নেতৃত্বে পরিচালিত যোগ্য পরিবারগুলোকে এটি বছরে সর্বোচ্চ $750 ডলার বেনিফিট প্রদান করে যাতে তারা স্বাধীনভাবে বসবাস করতে পারেন এবং তাদের বাড়ি রক্ষণাবেক্ষণের খরচ পোষাতে পারেন।

## বিনামূল্যে প্রেসক্রিপশনের ওষুধ

অন্টারিওতে যা যা করা হচ্ছে:

- OHIP+ এর মাধ্যমে 65 বছর ও তারচেয়ে বেশি বয়সী সবার জন্য প্রেসক্রিপশনের ওষুধ সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হবে, যা প্রত্যেক প্রবীণ নাগরিকের প্রয়োজনীয় ওষুধ পাওয়ার বিষয়টি নিশ্চিত করবে। 'অন্টারিও ড্রাগ বেনেফিট'-এর বার্ষিক ডিডাক্টিবল ও কো-পে বাতিল করার মাধ্যমে, অন্টারিওর একজন প্রবীণ নাগরিকের বছরে গড়ে $240 ডলার সাশ্রয় হবে। *অন্টারিওর 2017 সালের বাজেটে* 25 বছরের কম বয়সী সবার জন্য ফ্রি

প্রেসক্রিপশনের ওষুধ চালু করার পর এটি করা হয়েছে। এই সম্প্রসারণের ফলে, প্রতি দুইজন অন্টারিয়ানের মধ্যে প্রায় একজন, প্রায় 6.4 মিলিয়ন মানুষ বিনামূল্যে প্রেসক্রিপশনের ওষুধ পাবেন।

- OHIP+ এর মাধ্যমে 4,400 এরও বেশি প্রেসক্রিপশনের ওষুধ কভার করা হয়, যেমন উচ্চ কোলেস্টেরল, হাইপারটেনশন, থাইরয়েডের রোগ, ডায়াবেটিস ও অ্যাজমার ওষুধ।

## সিনিয়র্স হেলদি হোম কর্মসূচি

অন্টারিওতে যা যা করা হচ্ছে:

- নতুন 'সিনিয়র্স হেলদি হোম' কর্মসূচি চালু করা হচ্ছে। এটি বয়স্ক প্রবীণ ব্যক্তিদের বাড়িতে বসবাস করার সাথে (যেখানে তারা থাকতে চান) সংশ্লিষ্ট খরচ চিহ্নিত করে থাকে। 75 বছর বা তারচেয়ে বেশি বয়সী ব্যক্তিদের নেতৃত্বে পরিচালিত যোগ্য পরিবারগুলোকে এটি বছরে সর্বোচ্চ $750 ডলার বেনিফিট প্রদান করে যাতে তারা স্বাধীনভাবে বসবাস করতে পারেন এবং তাদের বাড়ি রক্ষণাবেক্ষণের খরচ পোষাতে পারেন।
- অসুস্থতার কারণে বা চলাফেরা করার সক্ষমতা কমে যাওয়ার ফলে বাড়ি রক্ষণাবেক্ষণের সক্ষমতা প্রভাবিত হলে এটি প্রবীণদের জীবন-যাপনের মান উন্নত করবে।
- নির্দিষ্ট কোন ধরনের খরচগুলো যোগ্য হবে এই বিষয়টিসহ এই কর্মসূচির ডিজাইন নিয়ে প্রবীণদের গ্রুপ ও অন্যান্য অংশীদারদের সাথে আলোচনা করা হচ্ছে।

## প্রবীণদের জন্য আরো পরিচর্যা

অন্টারিওতে যা যা করা হচ্ছে:

- যারা আর আত্মনির্ভরশীলভাবে বসবাস করতে পারছেন না তাদেরকে সাহায্য করার জন্য এবং যারা তাদের পরিচর্যা করছেন তাদেরকে মানসিক শান্তি প্রদানের জন্য আগামী 10 বছরের মধ্যে 30,000 নতুন দীর্ঘমেয়াদি পরিচর্যার বেড তৈরি করা হচ্ছে – 2022 সালের মধ্যে 5,000 নতুন বেড যোগ করা হচ্ছে। এই নতুন বেডগুলো বর্তমানে সংস্কাররত 30,000 বিদ্যমান বেডের অতিরিক্ত।
- 2018-2019 বছরে আরো $822-মিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে আরো ভালোভাবে পরিচর্যা পাওয়া, অপেক্ষার সময় কমানো এবং ক্যাপাসিটির সমস্যা সমাধান করার মাধ্যমে আমাদের হাসপাতালগুলোর উন্নয়ন করা হচ্ছে – এই বিনিয়োগ প্রায় এক দশকের মধ্যে হাসপাতালগুলোতে সরকারের একক সর্ববৃহৎ বিনিয়োগ। এছাড়াও এই প্রদেশ হাসপাতাল তৈরি ও সংস্কার করা এবং জনগণের জন্য আরো বেশি ও আরো দ্রুত স্বাস্থ্যসেবা প্রদানের জন্য 10 বছরেরও বেশি সময় ধরে প্রায় $19 বিলিয়ন ডলার বিনিয়োগ করছে।
- দীর্ঘ-মেয়াদি কেয়ার হোমে থাকা প্রত্যেক ব্যক্তির দৈনিক পরিচর্যা পাওয়ার পরিমাণ গড়ে চার ঘন্টায় উন্নীত করা।
- ডিমেনশিয়ায় আক্রান্ত বলে নতুনভাবে ধরা পড়া 14,000 ব্যক্তির পরিচর্যা উন্নত করা, তারা যেখানেই বসবাস করেন না কেন।
- তিন বছরের মধ্যে $650-মিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে আরো 2.8 মিলিয়ন ঘন্টা ব্যক্তিগত সহায়তা এবং আরো 284,000 নার্সিং ভিজিটসহ গৃহ ও কমিউনিটি স্বাস্থ্যসেবা পরিষেবায় আরো বেশি অ্যাক্সেস প্রদান করা হবে।

## প্রবীণদেরকে সুস্থ, সক্রিয় জীবন যাপনে সাহায্য করা

অন্টারিওতে যা যা করা হচ্ছে:

- প্রবীণদের জন্য সরকারি পরিষেবা পাওয়া সহজ করা হচ্ছে, এতে অন্তর্ভুক্ত রয়েছে একটি নতুন ওয়ান-স্টপ ওয়েবসাইট এবং 150টিরও বেশি ভাষায় 24-ঘন্টার টেলিফোন পরিষেবা।
- প্রদেশজুড়ে সক্রিয়ভাবে বসবাসের জন্য কেন্দ্রসমূহের একটি নেটওয়ার্ককে সমর্থন প্রদান ও এর সম্প্রসারণের মাধ্যমে প্রবীণদেরকে সক্রিয় থাকতে এবং তাদের কমিউনিটির সাথে সংযুক্ত থাকতে সাহায্য করা হচ্ছে।
- প্রবীণদেরকে সাশ্রয়ীমূল্যে বাসস্থান ভাড়া করা, এবং বাড়িতে ও কমিউনিটিতে সেবা পেতে সক্ষম করার জন্য 200টি নতুন ভর্তুকি প্রদান করা হচ্ছে।
- প্রবীণদের প্রতি অপব্যবহারের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া অব্যাহত রয়েছে এবং কমিউনিটি পরিষেবায় অ্যাক্সেস উন্নত করা হচ্ছে, সরকারি শিক্ষা প্রদানে ও পরিষেবা প্রদানকারীদের প্রশিক্ষণে সমর্থন প্রদান করা হচ্ছে।